

দেশে স্থিতিশীলতা বজায় থাকলে

জিডিপি ৭ শতাংশ হতে পারে -

গবর্নর

ঢাকা, সোমবার 4 January 2016 ২১ পৌষ ১৪২২, ২২ রবিউল আউয়াল ১৪৩৭ হিজরী

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ ব্যাংকের গবর্নর আতিউর রহমান বলেছেন, বর্তমান অবস্থার মতো দেশে স্থিতিশীলতা বা শান্তি বজায় থাকলে চলতি বছরেই আমরা মোট দেশজ উৎপাদনে (জিডিপি) প্রবৃদ্ধি ৭ শতাংশের ওপরে থাকার স্বপ্ন দেখি। যেভাবে দেশ এগোচ্ছে, কেউ যদি নিজের পায়ে নিজে গুলী না করে তাহলে ৭ শতাংশের ওপরে প্রবৃদ্ধি হবে।

গতকাল রোববার বিকেলে বাংলাদেশ ব্যাংকের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে স্কিল ফর ইমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট (এসইআইপি) প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন ও নোটিফিকেশন এ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক নির্মল চন্দ্র ভক্তের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন- এমএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের মহাব্যবস্থাপক স্বপন কুমার রায়। আরো বক্তব্য রাখেন- বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গবর্নর এস কে সুর চৌধুরী, এসোসিয়েশন ব্যাংকার্স বাংলাদেশ (এবিবি) সভাপতি আনিস এ খান, নন-ব্যাংক ফিন্যান্স এসোসিয়েশনের সভাপতি মফিজ উদ্দিন সরকার, অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও এসইআইপি জাতীয় প্রকল্পের নির্বাহী পরিচালক আব্দুর রউফ তালুকদার, অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও প্রকল্প পরিচালক জালাল আহমেদ, প্রশিক্ষণে অংশ নেওয়া ইউসেফ বাংলাদেশের জাকির হাসান, উদ্দীপনের প্রধান নির্বাহী এমরানুর হক চৌধুরী, গ্রাসরুটের মৌসুমী ইসলাম।

গবর্নর আরো বলেন, উদ্যোক্তা উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ১০০ কোটি টাকা বরাদ্দ রেখেছে। আমরা শুধু কর্মী চাই না, নেতাও চাই, যারা অর্থনীতিতে নেতৃত্ব দেবেন। ২০৪১ সালের মধ্যে আমরা উন্নত দেশে পরিণত হব। আর ২০৫০ সালের মধ্যে পৃথিবীর উন্নত ২৩টি দেশের মধ্যে একটি হবে বাংলাদেশ।

এস কে সুর চৌধুরী বলেন, সকল ক্ষেত্রেই স্কিল ডেভেলপমেন্টের কোনো বিকল্প নেই। গত ৩ বছরে এসএমই খাতে ১০ লাখ উদ্যোক্তা তৈরি হয়েছে। এসইআইপি প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে সংযোগ করানোর আহ্বান জানান তিনি। জানা গেছে, এসএমই ও গ্রিন ব্যাংকিং খাতে এ পর্যন্ত ৪ লাখ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। প্রশিক্ষণের জন্য ১৫৭টি প্রতিষ্ঠান থেকে বাছাই করে ৮টি প্রতিষ্ঠানকে নির্বাচিত করেছে বাংলাদেশ ব্যাংক। এই প্রকল্পের খরচ যোগাবে কেন্দ্রীয় ব্যাংক।

নোটিফিকেশন এ্যাওয়ার্ড পাওয়া প্রতিষ্ঠানগুলো হচ্ছে- ইউসেফ বাংলাদেশ, এমএডব্লিউটিএস, টিএমএসএস, ক্রিয়েটিভ আইটি লিমিটেড, উদ্দীপন, বিআইআইটি, পিআরডিএস ও এজিডব্লিউইবি।

সম্পাদকঃ আবুল আসাদ

বাংলাদেশ পাবলিকেশন লিঃ- এর পক্ষে সম্পাদক কর্তৃক আল ফালাহ প্রিন্টিং প্রেস, ৪২৩, এলিফেন্ট রোড, বড় মগবাজার, ঢাকা-১২১৭ থেকে মুদ্রিত ও প্রকাশিত। পিএবিএক্সঃ +৮৮০২৯৩৪৬৪৪৮, +৮৮০২৯৩৫৮৮৬২, +৮৮০২৯৩৪৬৩৬২, +৮৮০২৮৩৫০০১৩, +৮৮০২৮৩১৮১২৮, +৮৮০২৮৩২১০৭৩ ফ্যাক্সঃ +৮৮০২৯৩৩৭১২৭, +৮৮০২৮৩৫০২৬৫, +৮৮০২৮৩১৫০৯৪।